# অপরিকল্পিত বা আকস্মিক ভাবে
# বানর গোত্রীয় প্রাণী দেখার নির্দেশনা

A publication of The IUCN SSC Primate Specialist Group Section on Human-Primate Interactions

K.T. Hanson

*Department of Anthropology, University of Texas at San Antonio, San Antonio, TX, USA*

*Translation by:* ***Marjan Maria***
*Translation edited by:* ***Hassan Al-Razi***

## ভূমিকা

অপরিকল্পিত বা ঘটনাগত প্রাইমেট পর্যটন বলতে বোঝায়, পর্যটক এবং বানর গোত্রীয় প্রাণীর হঠাৎ মুখোমুখি হওয়া যা কোন সাংস্কৃতিক বা প্রাকৃতিক স্থান, পাখি দেখা বা অন্য যে কোন ভ্রমনে যাওয়ার সময় ঘটতে পারে। ঘটনাচক্রে বানর গোত্রীয় প্রাণী পর্যবেক্ষণ বিশ্বজুড়ে বিভিন্ন জায়গায় নথিভুক্ত করা হয়েছে। উদাহরণস্বরূপ, বেলিজের লামানাই প্রত্নতাত্ত্বিক রিজার্ভে পর্যটকরা মায়া সাংস্কৃতির ঐতিহ্যবাহী স্থান পরিদর্শনকালে কালো হাউলার বানর এবং সংরক্ষিত অঞ্চলে বসবাসকারী অন্যান্য বন্যপ্রাণীর মুখোমুখি হতে পারে; সিলভার স্প্রিংস স্টেট পার্ক, ফ্লোরিডায়, কায়কার এবং বোটাররা সিলভার নদী উপভোগ করার সময় নদীর তীরে থাকা লাল বানরদের দেখতে পারে; ইন্দোনেশিয়ার দক্ষিণ সুলাওয়েসিতে জলপ্রপাত এবং গুহার সৌন্দর্য্য অন্বেষণকারী পর্যটকরা  গাছের উঁচুতে থাকা মুর ম্যাকাকদের দেখা।

ঘটনাক্রমে বানর গোত্রীয় প্রাণী পর্যবেক্ষণের ক্ষেত্রে অব্যবস্থা জনিত ঝুঁকি থাকতে পারে। প্রতিষ্ঠিত বানর গোত্রীয় প্রাণী পর্যটন স্থানগুলির সাথে তুলনা করলে হঠাৎ বানর গোত্রীয় প্রাণীর দেখা মেলে এমন পর্যটন কেন্দ্র গুলো সাধারণত অনানুষ্ঠানিক, বিকেন্দ্রীকৃত এবং নিয়ন্ত্রণহীন। যেসব স্থানে বানর গোত্রীয় প্রাণীর পর্যটন রয়েছে সেখানে প্রায়ই পর্যটকদের স্থানীয় বন্যপ্রাণী ও বন্যপ্রাণী সংরক্ষণ সম্পর্কে অবহিত করার জন্য এবং স্থানীয় বন্যপ্রাণীর সাথে মুখোমুখি হলে করনীয় বিষয় গুলো সম্পর্কে প্রস্তুত করার জন্য শিক্ষামূলক উপাদানের অভাব থাকে। তদুপরি, আনুষঙ্গিক সাইটগুলিতে পর্যটকদের বিনোদনের অন্যতম লক্ষ্য হলো বানর গোত্রীয় প্রাণীদের সম্পর্কে জানা এবং তাদের পর্যবেক্ষণ করা। এর ফলে বাহির থেকে খাবার সরবরাহ বেড়ে যায়, বানর গোত্রীয় প্রাণীদের বিভিন্ন সমস্যা অনেক বেড়ে যায়, এবং মানুষ ও বানর গোত্রীয় প্রাণীদের মাঝে দ্বন্দ্ব বৃদ্ধি পায়। উদাহরণস্বরূপ, যেসব বানর গোত্রীয় প্রাণী রাস্তার ধারে সময় কাটায় তারা চলন্ত যানবাহন থেকে আঘাত প্রাপ্ত হতে পারে এবং/অথবা মৃত্যুর শিকার হতে পারে।

আনুষঙ্গিক স্থানগুলিতে বাহির থেকে খাবার সরবরাহের করা খুব সাধারণ ঘটনা এবং এটি নিষিদ্ধ থাকা সত্ত্বেও প্রায়শই তা করা হয়। খাবার সরবরাহে নিরুৎসাহিত করার বিষয়ে সচেতন থাকলে এবং আপনার গ্রুপে থাকা ব্যক্তিদের বিষয়টি মনে করিয়ে দিলে এটা বানর গোত্রীয় প্রাণীদের জন্য খুব সহায়ক হয়, কারণ খাবার সরবরাহ করলে বানর গোত্রীয় প্রাণীরা স্থুলতা বৃদ্ধি জনিত সমস্যায় ভুগতে পারে এবং

মানুষের সাথে দ্বন্দ্ব বৃদ্ধি পেতে পারে। যাইহোক, মনে রাখবেন যে অনেক পর্যটন স্থানে বানর গোত্রীয় প্রাণীদের সাংস্কৃতিক অনুশীলন বা ধর্মীয় বিশ্বাসের কারণে খাবার সরবরাহের দীর্ঘ ইতিহাস রয়েছে। তাই এই ধরনের স্থানগুলিতে খাবার সরবরাহ বন্ধ করার চেষ্টা অবাস্তব এবং কিছু ক্ষেত্রে সংবেদনশীল হতে পারে।

অনেক স্থানে বানর গোত্রীয় প্রাণীর উপস্থিতি বা বানর গোত্রীয় প্রাণীদের মুখোমুখি হলে কীভাবে আচরণ করতে হবে সে বিষয়ে তথ্য নাও থাকতে পারে। যেকোন দর্শনীয়স্থানে পৌঁছানোর আগে নিম্নলিখিত সুপারিশগুলির সাথে আপনার নিজেকে অভ্যস্ত করা সহায়ক হবে। যাতে করে আপনি পর্যটন স্থান এবং বানর গোত্রীয় প্রাণীদের বাসস্থানগুলিতে বানর গোত্রীয় প্রাণীদের মুখোমুখি হলে দায়িত্বশীল আচরণ করতে পারেন।

## প্রস্তাবনাবলি

### ভ্রমণের আগে

- সম্ভব হলে বানর গোত্রীয় প্রাণী থাকতে পারে এমন এলাকায় খাবার ও পানীয় আনা থেকে বিরত থাকুন; খাবার নিয়ে আসলেও তা বানর গোত্রীয় প্রাণীদের দৃষ্টির আড়ালে রাখুন।
- স্থানীয় নিয়ম ও প্রবিধান মেনে চলার বিষয়ে ট্যুর অপারেটরদের অনুরোধ করুন যাতে স্থানীয় বন্যপ্রাণীর কোন বিঘ্ন না ঘটে। নিয়ম গুলোর মধ্যে রয়েছে গ্রুপের জনসংখ্যা সীমিত করা এবং বন্যপ্রাণীর মুখোমুখি হলে উপযুক্ত আচরণের করা (নীচে দেখুন)।

### আপনি যদি যানবাহনে থাকেন

- যদি বানর গোত্রীয় প্রাণীদের দেখেন, তাহলে গাড়ির গতি কমিয়ে দিন এবং অন্যান্য চালকদের সতর্ক করার জন্য সতর্কতা আলো জ্বালিয়ে দিন।
- রাস্তা দিয়ে গাড়ি চালিয়ে যাওয়ার আগে বানর গোত্রীয় প্রাণীদের রাস্তা পার হতে বা দূরে সরে যেতে দিন।
- যেকোন খাবার বা প্লাস্টিকের ব্যাগ তাদের দৃষ্টি আড়ালে সরিয়ে দিন।
- মনে রাখবেন-
    - স্থানীয় নিয়ম কানুন মেনে চলতে হবে।
    - দূর থেকে পর্যবেক্ষণ করতে হবে।
    - আপনাকে দেখে যাতে অন্যরা শিখতে পারে।

**আপনার ভ্রমণের সময়**

- ট্যুর গাইড এবং পর্যটকরা যাতে বানর গোত্রীয় প্রাণীদের সাথে দেখা হলে দায়িত্বশীল আচরণ করে। পর্যটনস্থানে মানব এবং বানর গোত্রীয় প্রাণী উভয়ের সুস্থতা নিশ্চিতে একটি অপরিহার্য ভূমিকা পালন করতে পারে।
- দূরত্ব বজায় রেখে, শান্তভাবে প্রাণী পর্যবেক্ষণ অনুশীলন করুন এবং এ বিষয়ে অন্যদের উৎসাহিত করুন।
- সর্বদা বানর গোত্রীয় প্রাণীদের থেকে কমপক্ষে ৭মিটার (২৩ ফুট) দূরে থাকুন।
- বানর গোত্রীয় প্রাণীদের সাথে সরাসরি শারীরিক সংস্পর্শ থেকে বিরত করুন।
- বানর গোত্রীয় প্রাণী কাছ থেকে প্রতিক্রিয়া পেতে তাদের হয়রানি (শিস দেওয়া, চিৎকার করা ইত্যাদি) করা থেকে বিরত থাকুন।
- যদি কোনো বানর গোত্রীয় প্রাণীর দল বা একটি বানর গোত্রীয় প্রাণী সাক্ষাৎ এর স্থান থেকে দূরে সরে যায়, তাহলে তাদের অনুসরণ করবেন না।

**আরও জানতে পড়ুন**


Grossberg, R., Treves, A. and Naughton-Treves, L. 2003. The incidental ecotourist: measuring visitor impacts on endangered howler monkeys at a Belizean archaeological site. *Environ. Conserv*. 30: 40–51.

Hanson, K.T., Morrow, K.S., *et al*.  2022. Encountering Sulawesi's endemic primates: considerations for developing primate tourism in South Sulawesi, Indonesia. In: *Developments in Primatology: Tourism & Primates in Indonesia*, S. Gursky, J. Supriatna and A. Achorn (eds.), pp. 111-115. Springer.

Riley, E. P. and Wade, T. W. 2016. Adapting to Florida's riverine woodlands: the population status and feeding ecology of the Silver River rhesus macaques and their interface with humans. *Primates* 57: 195–210.

Sengupta, A. and Radhakrishna, S. 2020. Factors predicting provisioning of macaques by humans at tourist sites. *Int. J. Primatol*. 41: 471–485.

Sengupta, A., Widayati, K. A., *et al.* 2021. Why do people visit primate tourism sites? Investigating macaque tourism in Japan and Indonesia. *Primates* 62: 981-993.


---


Hanson, K. T. 2023. Unplanned or Incidental Primate Tourism. In: Waters, S., Hansen, M. F., *et al*. *Responsible Primate-Watching for Tourists*. IUCN SSC Primate Specialist Group Section on Human-Primate Interactions.